# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৬. ২. ১৬. যিহিষ্কেল ভাববাদীর মল ও গোবর ভক্ষণ

আরেকজন বাইবেলীয় নবী ইজিকিয়েল: ‘Ezekiel’। বাংলায় কেরি, পবিত্র বাইবেল-২০০০ ও অন্যান্য কিছু অনুবাদে ‘যিহিষ্কেল’, কিতাবুল মোকাদ্দস-২০০০: ‘হেজিকেল’, কিতাবুল মোকাদ্দস-২০০৬ ও ২০১৩: ‘ইহিস্কেল’ এবং জুবিলী বাইবেল: ‘এজেকিয়েল’।

তিনি আনুমানিক খ্রিষ্টপূর্ব ৫৯৭-৫৭১ সালের দিকে ভাববাদী হিসেবে কর্মরত ছিলেন। ক্যাথলিক বাইবেলের ৩৩ নং পুস্তক ও প্রটেস্ট্যান্ট বাইবেলের ২৬ নং পুস্তক তাঁর নামে প্রচলিত। তবে আধুনিক গবেষকদের মতে এ পুস্তকের অনেক অংশ পরবর্তীকালে রচিত। বিশেষকরে ৪০-৪৮ অধ্যায় পরবর্তীকালে রচিত বা সম্পাদিত বলে সুস্পষ্টভাবে জানা যায়।[1]

যিহিষ্কেল নবীর পুস্তক থেকে আমরা জানতে পারি যে, ঈশ্বর তাঁকে নির্দেশ দেন দীর্ঘ এক বছরেরও অধিক সময় মানুষের মল দিয়ে খাদ্য রান্না করে ভক্ষণ করতে। পরে তাঁর আবেদনের পরিপ্রেক্ষিতে মানুষের বিষ্ঠার পরিবর্তে গোবর দিয়ে অশুচি খাদ্য তৈরি করে ভক্ষণের নির্দেশ দেন। (যিহিষ্কেল ৪/৪-১৫) বনি-ইসরাইলদের অবৈধ খাদ্য ভক্ষণের অপরাধ বহনের জন্য তাঁকে এরূপ নির্দেশ দেওয়া হয়। বিষয়টা বড়ই অদ্ভুত! অপরাধীদের অপরাধ বহন করবে নিরপরাধ ব্যক্তি এবং তাও এক অপরাধের প্রায়শ্চিত্ত করার জন্য আরেকটা অপরাধে লিপ্ত হওয়া!

## ফুটনোট

[1] "Ezekiel." Microsoft� Student 2008 [DVD]. Redmond, WA: Microsoft Corporation, 2007.

Source — https://www.hadithbd.com/books/link/?id=14346

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন